# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৩৮৬

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

بَابُ مَا يَقُوْلُ عِنْدَ الصَّبَاحِ وَالْمَسَاءِ وَالْمَنَامِ

### আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا أَوَى إِلَى فِرَاشِهِ قَالَ: «الحمدُ لِلَّهِ الَّذِي أطعمنَا وَسَقَانَا وكفانا وَآوَانَا فَكَمْ مِمَّنْ لَا كَافِيَ لَهُ وَلَا مؤوي» . رَوَاهُ مُسلم

### বাংলা

২৩৮৬-[৬] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিছানায় ঘুমানোর সময় বলতেন,

’’আলহাম্‌দু লিল্লা-হিল্লাযী আত্ব’আমানা- ওয়া সাকা-না- ওয়া কাফা-না- ওয়াআ-ওয়া-না- ফাকাম মিম্‌মান্ লা-কা-ফিয়া লাহূ ওয়ালা- মু’বিয়া’’

(অর্থাৎ- প্রশংসা শুধুমাত্র আল্লাহর, যিনি আমাদেরকে খাওয়ালেন, পান করালেন, আমাদের প্রয়োজন পূরণ করলেন এবং আমাদেরকে আশ্রয় দিলেন। অথচ এমন অনেক লোক আছে যাদের না আছে কেউ প্রয়োজন মিটাবার আর না আছে কোন আশ্রয়দাতা।)। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৭১৫, আবূ দাঊদ ৫০৫৩, তিরমিযী ৩৩৯৬, আহমাদ ১২৫৫২, ইবনু হিব্বান ৫৫৪০, শামায়িলে তিরমিযী ২১৯, সহীহ আল জামি‘ ৪৬৮৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: বলা যায় যে, ঘুমানোর সময় খাদ্য, পানীয় ও পূর্ণতার উপর আল্লাহর প্রশংসা করার উদ্দেশ্য এই যে, নিশ্চয় ঘুম পরিতৃপ্ত হওয়ারই একটি অংশ, কেননা ঘুমের মাধ্যমে ব্যস্ততা থেকে অবসর এবং অনিষ্টতা থেকে নিরাপদ থাকা যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন